রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২২.২৫-৬২

তারিখঃ ১০/০৭/১৪৩৩ বঙ্গাঃ
২৬/১০/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ **বিষয় ঃ চাকুরি হতে 'অপসারণ' (Removal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব ফিরোজ আলম, হিসাব করণিক (পরিচিতি নং-৮৭০৩১৫০০১), ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে গত ০৩/০৬/২০২৫খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে দপ্তরে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে। আউট সোর্সিং এর চাকুরী দেওয়ার কথা বলে জনাব মোঃ শাহ আলম, মুজিববাগ, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ এর কাছ থেকে ০১ (এক) লক্ষ টাকা, জনাব মোঃ নূরুল আফছার, কদমতলী, সিদ্দিরগঞ্জ নারায়ণগঞ্জ-এর কাছ থেকে ব্যবসার কথা বলে ৪২(বিয়াল্লিশ) লক্ষ টাকা এবং জনাব মোঃ আল-আমিন, ইঞ্জিনিয়ার, ACI Group, নারায়ণগঞ্জ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে চাকরি দেওয়ার কথা বলে ০৭ (সাত) লক্ষ টাকা গ্রহণের অভিযোগ সর্বপরি প্রতারণার মাধ্যমে জনাব জাকিয়া আফরিন, উর্দ্ধতন হিসাব সহকারী, ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা-এর ব্যবহৃত মোবাইল ফোন চুরি করা সংক্রান্ত অভিযোগ তদন্তে প্রমানিত হয়েছে। আপনার এরুপ কার্যকালাপ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ), (গ) এবং (চ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও চুরি,আত্মসাৎ বা প্রতারণার সামিল এবং আপনার উপর প্রবিধান ৪৯ (১) (খ) মোতাবেক যে কোন দন্ড আরোপযোগ্য।

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২২.২৫-১৬; তারিখঃ ০৫/০৩/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। একই সাথে আপনার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। অধিকন্তু অদ্যাবধি আপনার নিকট থেকে অভিযোগনামার জবাব অথবা সময় বৃদ্ধির আবেদনও পাওয়া যায়নি। সার্বিক পর্যালোচনায় কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় আপনার বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগ সমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায় আপনি জনাব ফিরোজ আলম, হিসাব করণিক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে গত ০৩/০৬/২০২৫খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে দপ্তরে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে। এছাড়াও আউট সোর্সিং এর চাকুরী দেওয়ার কথা বলে জনাব মোঃ শাহ আলম, মুজিববাগ, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ এর কাছ থেকে ০১ (এক) লক্ষ টাকা, জনাব মোঃ নূরুল আফছার, কদমতলী, সিদ্দিরগঞ্জ নারায়ণগঞ্জ-এর কাছ থেকে ব্যবসার কথা বলে ৪২(বিয়াল্লিশ) লক্ষ টাকা এবং জনাব মোঃ আল-আমিন, ইঞ্জিনিয়ার, ACI Group, নারায়ণগঞ্জ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে চাকরি দেওয়ার কথা বলে ০৭ (সাত) লক্ষ টাকা গ্রহণের অভিযোগ সর্বপরি প্রতারণার মাধ্যমে জনাব জাকিয়া আফরিন, উর্দ্ধতন হিসাব সহকারী, ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা-এর ব্যবহৃত মোবাইল ফোন চুরি করা সংক্রান্ত অভিযোগ তদন্তে প্রমানিত হয়েছে। আপনার এরুপ কার্যকালাপ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ), (গ) এবং (চ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও চুরি,আত্মসাৎ বা প্রতারণার সামিল বিধায় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(ঈ) অনুযায়ী আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৩/০৬/২০২৫ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'অপসারণ' (removal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অঃ পৃঃ দ্রঃ

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(ঈ) মোতাবেক কেন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৩/০৬/২০২৫ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'অপসারণ' (removal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি:- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

২৯.১০.২০২৫
(মোঃ আতিকুর রহমান)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৮০২২৫০০১

প্রাপক
জনাব ফিরোজ আলম, হিসাব করণিক
ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র
বাপাউবো, নারায়ণগঞ্জ।
স্থায়ী ঠিকানা
জনাব ফিরোজ আলম
পিতা মোঃ আবু নাছির মিয়া
বাসা/হোল্ডিংঃ সুমন ভিলা
গ্রামঃ কদমতলী
ডাকঘরঃ আদমজী নগর
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।